



## সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

ওয়েবখালী সুনামগঞ্জ।



Tel: 02996600778/02996600826, Mob: 01769-400075, E-Mail : sunampbs@gmail.com

স্মারক নং- ২৭.১২.৯০৮৯.৫৬২.০২.০০৮.২৩. ১১৫৮

তারিখঃ- ১৬ চৈত্র ' ১৪২৯ বঙ্গাব্দ।  
৩০ মার্চ ' ২০২৩ খ্রিষ্টাব্দ।

### “নিয়োগ বিজ্ঞপ্তি”

সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতিতে “কাজ নাই মজুরী নাই” এ শর্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে মহিলাদের জন্য সংরক্ষিত “বিলিং সহকারী” পদে নিয়োগের প্যানেল তৈরীর নিমিত্তে যোগ্যতা সম্পন্ন কেবলমাত্র সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগোলিক এলাকায় স্থায়ীভাবে বসবাসরত মহিলা নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে। পদের নামের পার্শ্বে শূন্য পদের সংখ্যা, প্রার্থীর বয়সসীমা, প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা উল্লেখ করা হলোঃ

পদের নাম	শূন্য পদের সংখ্যা	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	মজুরী	যে জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন।
বিলিং সহকারী “কাজ নাই মজুরী নাই” (মহিলাদের জন্য সংরক্ষিত)	০৮ (আট) টি (নিয়োগ কালীন এ সংখ্যা কম/বেশি হতে পারে)	১. বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে সর্বনিম্ন বয়স ১৮ বছর এবং ২৫/০৩/২০২০ খ্রিঃ তারিখে সর্বোচ্চ বয়সসীমা ৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। এক্ষেত্রে প্রার্থীকে আবেদনপত্রের সাথে প্রমাণস্বরূপ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সনদের (সরকারী সর্বশেষ নির্দেশনা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতীস্বাক্ষরিত হতে হবে) সত্যায়িত কপি দাখিল করতে হবে। বয়স প্রমাণে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। ২. জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-১ শাখা এর স্মারকনং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯, তারিখ-২২/০৯/২০২২ খ্রিঃ অনুযায়ী ২৫/০৩/২০২০ খ্রিঃ তারিখে যে সকল প্রার্থীর বয়স সর্বোচ্চ বয়সসীমার মধ্যে রয়েছে সে সকল প্রার্থীও আবেদন করতে পারবে।	ক) এস, এস, সি বা সমমান ও এইচ, এস, সি বা সমমান উভয় পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৩.০০ সহ উত্তীর্ণ হতে হবে। খ) প্রার্থীর গাণিতিক বিষয়ে ভাল জ্ঞানসহ কম্পিউটার এবং দাপ্তরিক যন্ত্রপাতি পরিচালনায় অভিজ্ঞতা আবশ্যিক। গ) প্রার্থীকে বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ১০ (দশ) ও ইংরেজিতে প্রতি মিনিটে ন্যূনতম ৩০ (ত্রিশ)টি শব্দ কম্পিউটারে টাইপ করতে সক্ষম হতে হবে।	দৈনিক ৮০০.০০ (আটশত) টাকা	সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর ভৌগোলিক এলাকায় স্থায়ীভাবে বসবাসকারী প্রার্থীগণ (শুধুমাত্র মহিলা প্রার্থীগণ) আবেদন করতে পারবেন।

#### শর্তাবলীঃ-

০১. আবেদনকারীগণকে সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েবসাইট ([www.pbs.sunamganj.gov.bd](http://www.pbs.sunamganj.gov.bd)) হতে A-4 সাইজের আবেদন ফরম কাগজে (ফরম নং পমাসপ-১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড পূর্বক নিজহাতে পূরণ করে আগামী ১৪/০৪/২০২৩খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, ওয়েবখালী, সুনামগঞ্জ বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র পৌছাতে হবে। সাদা কাগজে লিখিত বা টাইপকৃত বা সরাসরি কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না। নির্ধারিত ফরম ব্যতীত আবেদনপত্র বিবেচনা করা হবে না। খামের উপরে অবশ্যই প্রার্থীর নাম, পদের নাম ও নিজ উপজেলার নাম উল্লেখ করতে হবে।

০২. নিম্নোক্ত কাগজপত্রসহ আবেদন পত্র দাখিল করতে হবেঃ

- ওয়েব সাইট হতে প্রাপ্ত আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে দাখিল করতে হবে।
- প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি।
- সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (মার্ক শীট ও প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়)।
- কম্পিউটার পরিচালনার সনদ।
- অভিজ্ঞতার সনদ (যদি থাকে)।
- স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশনের চেয়ারম্যান/মেয়র/কাউন্সিলর এর নিকট হতে নাগরিকত্ব সনদ ও চারিত্রিক সনদ।
- জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

T. Ahmed

